

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)০৪/কাস-বন্ড/ডিপ্লোমেটিক/বিবিধ/২০১৬/

তারিখ : /১২/২০২০ খ্রি:

প্রেরক : কমিশনার

প্রাপক : চীফ অব প্রটোকল
পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।


বিষয় : ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস এর ক্ষেত্রে **Tax Exemption Certificate** অনলাইন/ হার্ডকপি প্রেরণ নিশ্চিত প্রসঙ্গে।

সূত্র: ১। সমন্বিত পত্র নং-১১৫০৪, তারিখ: ৩০/১০/২০১৯ খ্রি।
২। সমন্বিত পত্র নং-৮৯৭৫, তারিখ: ৩০/০৭/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসমূহের ব্যবস্থাপনা নিয়ন্ত্রণের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে এ দপ্তরের অধিক্ষেত্রাধীন ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসমূহ হতে মদ ও মদ জাতীয় পণ্য “Diplomat & Privileged Persons” গণের নিকট বিক্রয়ের ক্ষেত্রে আপনার দপ্তর হতে ইস্যুকৃত **Tax Exemption Certificate** নির্ধারিত ওয়েব সাইটে যথাসময়ে আপলোড ও **Tax Exemption Certificate** ইস্যুর পর তাৎক্ষণিকভাবে এ দপ্তরের ই-মেইল (bondcomdhk@gmail.com) এ একটি অনুলিপি প্রেরণ করার জন্য সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। সূত্রোক্ত ১ নং পত্রের মাধ্যমে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক অনলাইনে আপনার দপ্তর হতে উক্ত **Tax Exemption Certificate** এ দপ্তরে প্রেরণ শুরু করা হলেও তার ধারাবাহিকতা রক্ষা করা হয়নি।

০৩। এমতাবস্থায়, সুষ্ঠু বন্ড ব্যবস্থাপনা ও রাষ্ট্রের গুরুত্বপূর্ণ রাজস্ব ফাঁকি রোধ তথা রাষ্ট্রের বৃহত্তর স্বার্থে **Tax Exemption Certificate** ইস্যুর পর তাৎক্ষণিকভাবে এ দপ্তরের ই-মেইল (bondcomdhk@gmail.com) এ প্রেরণপূর্বক এর হার্ডকপি প্রেরণ নিশ্চিতকরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।




[মোঃ শওকাত হোসেন]
কমিশনার
ফোন-৯৩৪৭০০০

নথি নং-৫(১৩)০৪/কাস-বন্ড/ডিপ্লোমেটিক/বিবিধ/২০১৬/৩৪২০২ (২)

তারিখ : ২০/১২/২০২০ খ্রি:

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
২. সিস্টেম এ্যানালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৩. পি এ টু সদস্য, (শুষ্ক রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৪. দ্বিতীয় সচিব, (শুষ্ক রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।


কাজী রায়হানুজ্জামান
সহকারী কমিশনার